# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ৩০.১০.২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ১. ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে সাধারণ বরাদ্দের ১ম কিস্তি বাবদ গফরগাঁও উপজেলায় ২৩.১২ (তেইশ লক্ষ বার হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ হতে পিআইসি এবং টেন্ডারের মাধ্যমে কাজ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করা প্রয়োজন। গফরগাঁও উপজেলার সকল ইউনিয়নের তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছিলো। ইহা ছাড়াও অত্র দপ্তরের স্মারক নং- ৪৬.০২.৬১২২.০০২.১৪.১৯৮.২৩.১১১২ তারিখ ঃ ১১-১০-২০২৩ইং মূলে ২০২৩-২০২৪ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় টেন্ডার এবং পিআইসির মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রকল্পের তালিকা অগ্রাধিকার ভিত্তিতে চুড়ান্ত করার প্রয়োজন বলে পত্র দেয়া হয়। অদ্যাবধি কোন প্রকল্প পাওয়া যায়নি। প্রকল্প সমূহের তালিকা প্রয়োজন। অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান। | জরুরী ভিত্তিতে প্রকল্পের তালিকা দাখিল করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা(ভার:) সভায় জানান যে, হাসপাতালের বর্তমান অবস্থা পূর্বের তুলনায় অনেক ভালো। দালালের প্রাদুর্ভাব অনেকটা কমে গেছে। হাসপাতাল চলাকালীন রিপ্রেজেন্টেটিভদের ডাক্তারদের সাথে সাক্ষাৎ করা বন্ধ করা হয়েছে। সকলকে স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সুয়ারেজ ও ড্রেনেজ ব্যবস্থা অত্যন্ত নাজুক। পাশের রাস্তা উচু আশেপাশের বাসা বাড়ি উচু করে নির্মান করাতে হাসপাতালের পুরাতন ড্রেন ব্লক হয়ে পানি নিষ্কাশন হয়না। বারবার চেষ্টা করেও তেমন উন্নতি হয়নি। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে।<br>৩। উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে রোপাআমন আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-৪০৫ হেক্টর,উফশী ২১৮১০ হেক্টর ও স্থানীয় ৪৪০ হেক্টর মোট ২২৬৫৫ হেক্টর। হাইব্রিড বীজতলা ৫০ হেক্টর, উফশী ১১০৫ হেক্টর ও স্থানীয় ২৫ হেক্টর মোট ১১৮০ হেক্টর বীজতলা হয়েছে। এ পর্যন্ত রোপাআমন হাইব্রিড-১৮০০ হেক্টর,উফশী ২০৫৫০ হেক্টর স্থানীয় ৩১০ হেক্টর, মোট আবাদ হয়েছে ২২৬৬০ হেক্টর। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন। গত আগষ্ট/২০২৩ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৩খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-৮১০ মে:টন,টিএসপি-১৫৫,ডিএপি-৪১৪ ও এমওপি-৩৫৯ মে:টন। কোথাও কোন সারের সংকট নেই। সারের সংকট রয়েছে বলে যেন কেও গুজব ছড়াতে না পারে সকলের সহযোগিতা কামনা করছি। খরিপ-২ মৌসুমে মাসকলাই এর আবাদ বৃদ্ধির জন্য ২০২৩-২৪ অর্থবছরে ২০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরনের করা হয়েছে। প্রতি বিঘা জমির জন্য ১জন কৃষককে ৫কেজি বীজ, ১০কেজি ডিএপি ও ৫কেজি এমওপি সার দেওয়া হয়েছে। পেঁয়াজএর আবাদ বৃদ্ধির জন্য ২০২৩-২৪ অর্থবছরে ৩০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরনের করা হয়েছে। প্রতি বিঘা জমির জন্য ১জন কৃষককে ১কেজি বীজ, ২০কেজি ডিএপি ও ২০কেজি এমওপি সার দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর/কাবিখা ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প তালিকার কাজ চলমান। ইজিপিপি প্রথম পর্যায়ের প্রকল্প তালিকা অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। অতিদ্রুত প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় মানসম্মত মাংস বিক্রয়ের জন্য প্রাণী জবাইরের আগে স্বাস্থ্য পরীক্ষা প্রয়োজন, এই ব্যাপারে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের প্রয়োজনীয় সহযোগীতা কামানা করছি। বিগত ২৯/৯/২৩ইং থেকে ১২/১০/২৩ ইং পর্যন্ত গফরগাঁও উপজেলার ১৫ টি ইউনিয়ন ও পৌরসভায় ছাগল ভেড়ার বিনামূল্যে পি পি আর রোগের টিকা প্রদান করা হয়।মোট প্রদানকৃত টিকার সংখ্যা ছিলো ৫৯৪০০। অত্র মাসে খামার ফিল্ড স্কুল এর আওতায় ৩২৮ জন খামারীকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় বিভিন্ন কার্যক্রম চলমান। | ১। টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে।<br>৩। প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব খাতের আওতায় ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার ) টাকার পোনামাছ অবমুক্ত করা হয়েছে । এছাড়াও নিয়মিত খামারীদের সাথে যোগাযোগ ও নিয়মিত খামার পরিদর্শন করা হচ্ছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সম্প্রসারণ কাজ চলমান রয়েছে । | নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৮ | উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লোডশেডিং কমিয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহকরণ অব্যাহত রয়েছে। বকেয়া সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়ো আদায়করণ চলমান রয়েছে। অবৈধ লাইন সনাক্তকরণ ও সিস্টেম লস কমানো হচ্ছে। লোড শেডিং পুর্বাভাস প্রদান করা হচ্ছে। মসজিদ, মাদ্রাসাকে প্রিপেইড মিটারিং এর আওতায় আনা হচ্ছে। সর্বোপরি জনগণকে জটিলতামুক্তভাবে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষে বিদ্যুৎ বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, নতুন কারিকুলামের ভিত্তিতে ৮ম ও ৯ম শ্রেণির শিক্ষার্থীদের পাঠদানের জন্য মাষ্টার ট্রেনার নিয়োগ সম্পন্ন হয়েছে। মাষ্টার ট্রেইনারদের প্রশিক্ষণ জেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে। ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ থেকে উপজেলা পর্যায়ে মাষ্টার ট্রেইনারগণ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করবেন। পূর্বের মাষ্টার ট্রেইনারগণ পার্শ্ববর্তী সকল প্রতিষ্ঠানে গিয়ে ইতিমধ্যে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করেছেন। ২০২৪ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক আসা শুরু হয়েছে। ইতিমধ্যে মাদ্রাসা পর্যায়ের ১ম, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির পাঠ্যপুস্তক ইসলামিয়া সরকারি হাই স্কুলের গোডাউন থেকে মাদ্রাসার সকল প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে। অন্যান্য শ্রেণির পাঠ্যপুস্তক প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। ২০২৪ শিক্ষাবর্ষে নতুন শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি জারী হয়েছে। যা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। আগামী ২৮ নভেম্বর ২০২৩ তারিখ অনলাইন লটারী অনুষ্ঠিত হবে। ইউরোপিয়ান অর্থায়নে নির্মীত উপজেলার একমাত্র কর্মজীবি মহিলা হোস্টেল ''প্রমোট'' উর্দ্ধারের জন্য ইতিপূর্বে কয়েক বার উপজেলা পরিষদের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবারো অনুরোধ জানানো যাচ্ছে। গত ১৫/১১/২০২৩ খ্রি. তারিখে জনাব মোঃ আবিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাপত্তিতে ও নির্দেশনায় উপজেলাধীন প্রতিষ্ঠান প্রধান ও শারীরিক শিক্ষকগণের সমন্বয়ে স্কাউট, খেলাধুলা, শিক্ষারগুণগত মানোনায়ন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও উপজেলাধীন প্রতিষ্ঠান প্রধান ও শারীরিক শিক্ষকগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্নজীবনী বইটি সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পাঠদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, অত্র কার্যালয় হতে সেপ্টেম্বর/২৩ খ্রি: মাসে নিম্ন বর্ণিত কাজসমূহ সম্পন্ন করা হয়েছে। গ্রেডেশন তালিকা হালনাগাত যাচাই বাছাই করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ খ্রি ভোট কেন্দ্র হিসাবে বিদ্যালয়ের মেরামত কাজ করার জন্য বিদ্যালয় প্রতি ২০০০০০ টাকা করে বরাদ্দ পাওয়ায় কার্যক্রম চলমান রয়েছে। ০৭ জন শিক্ষকের পি.আর.এল ও পেনশন মঞ্জুরী সংক্রান্ত। বড় ধরণের মেরামতের জন্য বিদ্যালয়ের তালিকা প্রেরণ করা হয়েছে। | ১। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>২। সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৩। বিধি মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগঃ সভায় জানান যে, গফরগাঁও উপজেলায় শতভাগ ভাতার আওতায় মোট ১৬৭৫৬টি আবেদন জমা হয়েছে, বরাদ্দ আসা সাপেক্ষে ভাতার কাজ শুরু করা হবে, তাছাড়া সকল ইউনিয়নের ভাতার লাইভ ভেরিফিকেশন সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এখন যাচাই বাছাই কাজ চলছে। তিনি আরও বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কিস্তির পেরোল দেওয়া হয়েছে। কাউকে ভাতার পিন নাম্বার ও মোবাইল নাম্বার না দেওয়ার জন্য অনুরোধ করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১২ | বিআরডিবিঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি/দল গঠন: পুরুষ=৫১৪ টি, মহিলা=৯২ টি, মোট=৬০৬ টি। সদস্য সংখ্যা: পুরুষ=২৩৮২৩ জন, মহিলা=২৪৩২ জন, মোট= ২৬২৫৫ জন। শেয়ার আদায়: পুরুষ=৩১.১৬ লক্ষ টাকা, মহিলা=৫.৬১ লক্ষ টাকা, মোট= ৩৬.৭৭ লক্ষ টাকা । সঞ্চয় আদায়: পুরুষ=৬৫.০৬ লক্ষ টাকা, মহিলা=১৭.৬২ লক্ষ টাকা, মোট=৮২.৬৮ লক্ষ টাকা । মোট ঋণ তহবিল প্রাপ্তি=১০৭৫.২৭ লক্ষ টাকা। ঋণ বিতরণ: পুরুষ=১০৬১.১৭ লক্ষ টাকা, মহিলা=৩৬৪.৪১ লক্ষ টাকা, মোট ঋণ বিতরণ = ১৪২১.৫৮ লক্ষ টাকা । ক্রমপুঞ্জিত ঋণ আদায়: পুরুষ=৮৭৯.১৯ লক্ষ টাকা, মহিলা=৩১৬.৪৪ লক্ষ টাকা, মোট=১১৯৫.৬৩ লক্ষ টাকা। মূল কর্মসূচী (ইউসিসিএ) ব্যতীত মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ), আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি ও বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচীর সাংগঠনিক এবং ঋণ কার্যক্রম চলমান আছে। কোভিড-১৯, প্রনোদনা পল্লী উদ্যোক্তা ঋণ =৩৫.০০ লক্ষ টাকা বিতরণ করা হয় এবং অক্টোবর/২৩ পর্যন্ত আদায়=২২.২৫ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। ইহা ছাড়াও পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে উপজেলার ০৫ টি ইউনিয়নে ৪৮টি ভিডিসি গঠন, ৪৪৬টি ভিডিসিএম অনুষ্ঠান, ১৭৩টি ইউসিসিএম অনুষ্ঠান, ৭৭টি ব্যাচ (এফপিটিটি) প্রশিক্ষণ অনুষ্ঠান ও ১০২টি ভিডিসি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। তিনি সভায় আরও জানান যে, গফরগাঁও ইউসিসিএ লি. এর মার্কেটের ০২ জন দোকান ভাড়াটিয়া (১) মোঃ আতিকুল হাসান,পিতা- সন্নত আলী, গ্রাম ও ডাকঘর- আঠারদানা, গফরগাঁও, ময়মনসিংহ (২) মোঃ আলিম মিয়া, পিতা- শামছুল হক, গ্রাম- শিলাসী, ডাকঘর- গফরগাঁও, গফরগাঁও, ময়মনসিংহ দীর্ঘদিন যাবৎ ভাড়া পরিশোধ করছেনা। উক্ত ভাড়া আদায়ের বিষয়ে তিনি প্রশাসনিক সহযোগিতা কামনা করেন। বিআরডিবি'র নির্মিত ০৩ টি জোড়াবাড়ির বকেয়াসহ বাসা ভাড়া ও গ্যাস বিল আগামী ৩০/১১/২৩ খ্রি. তারিখের মধ্যে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান যে, পল্লী ভবন ও ইউটিইউ ভবন মেরামত/সংস্কারের নিমিত্ত ভবন ০২টির প্রাক্কলন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীর সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, উপজেলা মসজিদের উত্তর পার্শ্বে একটি শুকনো গাছ দীর্ঘদিন যাবত পচে যেকোন মুহূর্তে দোকান এবং বৈদ্যুতিক তারের উপর পড়ে দূর্ঘটনার খুবই আশংকা রয়েছে। বিধায় শুকনো গাছটি দ্রুত কেটে ফেলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| | ০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ): উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। (নিচের সারণি দ্রষ্টব্য) বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ) |

| ক্র নং | পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় | | | | পল্লী জীবিকায়ন কর্মসূচি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমবর্ধমান | বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমবর্ধমান |
| ১ | দলগঠন | - | - | ০৭ | সমিতি গঠন | ০ | ০ | ৮৪ |
| ২ | রূপান্তর | ৮৩ | ০৫ | ০৫ | সদস্য ভর্তি | ০ | ০ | ২২২৪ |
| | সদস্য ভর্তি | ৩৫ | ৩৫ | ১৬৫ | শেয়ার আদায় | .৩৫ | ০.০১ | ৮.৭৯ |
| | রূপান্তর | ৬৩১ | ৩৫ | ৭০ | | | | |
| | সঞ্চয় জমা | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | সঞ্চয় আদায় | ১.১৫ | ০.১০ | ২৮.৬৯ |
| | রূপান্তর | ৬.৩২ | .৬০ | .৭৫ | | | | |
| | ঋণ বিতরণ | ২৫.৫০ | ১০.৩৫ | ৩৪.৭৫ | ঋণ বিতরণ | ১.৯৯ | - | ৫৩৩.৪২ |
| | রূপান্তর | ১.২৫ | - | ১.২৫ | | | | |
| | ঋণ আদায় | ১.৫০ | ২.০৫ | ২.৯৫ | ঋণ আদায় | .৬২ | .২৫ | ৪৭৪.৮৫ |
| | রূপান্তর | .৩৫ | .১৫ | ০.৫০ | | | | |
| ১৫ | এসএমই ঋণ | ২৮.৭০ | ২.৫০ | - | | | | - |
| ১৬ | প্রশিক্ষণ | - | ২৪০ | | প্রশিক্ষণ | ০ | ০ | |

<table>
<tr>
<td>১৩</td>
<td>আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক): উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।
<table>
<tr><th>ক্র. নং</th><th>সংখ্যা</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>সমিতির সংখ্যা</td><td>৪০৬ টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য সংখ্যা</td><td>১৮,৮৩২ জন</td></tr>
<tr><td>০৩</td><td>মাসের সঞ্চয় আদায়</td><td>৩.৫০(লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৪</td><td>বছরে সঞ্চয় আদায়</td><td>৩০.৫০ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৫</td><td>মাসের ঋণ আদায়</td><td>১০০.৫ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৬</td><td>বছরে ঋণ আদায়</td><td>৪০০.৩ (লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৭</td><td>মাসের ঋণ বিতরণ</td><td>৯৭.০০(লক্ষ টাকা )</td></tr>
<tr><td>০৮</td><td>বছরে ঋণ বিতরণ</td><td>৩৯১.০০(লক্ষ টাকা )</td></tr>
</table>
অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td>
<td>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের অক্টোবর/২০২৩ মাসের পুষ্টিচাল সরবরাহের ডিও অত্র উপজেলার ১৫টি ইউনিয়নে পৌছে দেয়ার জন্য প্রদান করা হয়েছে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরন নিশ্চিত করবেন। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি ইউনিয়নে মাসে ৬ টি করে অনলাইন আবেদন মাসের ২০ তারিখের মধ্যে সম্পন্ন করে অত্র কার্যালয়ে হার্ড কপি ও সফট কপি জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অক্টোবর /২০২৩ ইং মাসে অত্র উপজেলায় টিসিবি খাতে ও এম এস ৮১.৬৫০ মে:টন । ভি,জি,ডি ৭৫.০৬০ মে:টন। জি,আর ১১.৫০০ মে:টন। বর্তমানে গুদামে চালমজুদ আছে চাল ৭১৩.২৪২ মে: টন ও গম ১১৯.৭৪২। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td>
<td>চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে, ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র গুলোতে গর্ভবতী মায়ের সেবা ও ডেলিভারীর জন্য কক্ষগুলো মেরামত এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে একটি সাধারণ মানের অপারেশন থিয়েটার করার জন্য অনুরোধ জানান। অক্টোবর/২০২৩ মাসের প্রতিবেদন। সক্ষম দম্পত্তি ৮৯৭০৫ গ্রহণকারী ৬৯৬৪১ সিএআর ৭৭.৬৩ %
<table>
<tr><th>বিভিন্ন পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>১৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>১৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৪৫</td><td>২৯</td><td>৬৪.৪৪%</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>৯৭</td><td>৪৬</td><td>৪৭.৪২%</td></tr>
<tr><td>ইনজেটেবল</td><td>১৬৮৪০</td><td>১০৭১১</td><td>৬৩.৬০%</td></tr>
<tr><td>খাবারবড়ি</td><td>৩৪৫৬৬</td><td>৩৮১৭৯</td><td>১১০.৪৫</td></tr>
<tr><td>কনডম</td><td>৬২০২</td><td>৬১৬৭</td><td>৯৯.৪৩</td></tr>
</table>
মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, গফরগাঁও উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের মধ্যে সমবায় সমিতি গুলো ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট জুলাই/২৩ খ্রি. মাসের অডিট কার্যক্রম শুরু হয়েছে। আমরা অডিট অফিসারগণ বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই/২৩ খ্রি. মাসে অডিট কার্যক্রম শুরু করেছি। অডিটযোগ্য সমবায় সমবায় সমিতির সংখ্যা -৭০টি। তাছাড়াও সমবায় সমিতিগুলো নিয়মিতভাবে তদন্ত, পরিদর্শন ও তদারকী কার্যক্রম অব্যাহত আছে। সমবায় সমিতিগুলোর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে। গত বছরে ০৫ টি ইউনিটে ১২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে সমতবায় পুরস্কারের জন্য অত্র উপজেলা হতে ০৬ টি শ্রেষ্ঠ সমিতির তালিকা প্রেরণ হয়েছে। সরকারী রাজস্ব ১০০% আদায় করে সরকারী কোষাগারে প্রেরণ করা হয়েছে। যার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ০৭ টি আশ্রয়ণ-২ প্রকল্পের মধ্যে, আশ্রয়ণ-২ প্রকল্প-১ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২০৯০০০০/- (বিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৪৪১২২/- (এগারো লক্ষ চোয়াল্লিশ হাজার একশত বাইশ টাকা)। সার্ভিস চার্জ= ৮৫৪১৮/- (পঁচাশি হাজার চারশত আঠারো টাকা মাত্র)। মাঠে পাওনা= ৮৬০৪৬০/- (আট লক্ষ ষাট হাজার চারশত ষাট টাকা</td>
<td>০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম ড়ড়সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১১২২৩/- (এগারো হাজার দুইশত তেইশ টাকা প্রেরণ করা হয়েছে। আশ্রয়ণ-২ প্রকল্প-২ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২১১০০০০/-(একুশ লক্ষ দশ হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১০৯৫৯১৬/- (দশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত ষোল টাকা মাত্র)। সারচার্জ= ৮২৩৭৪/- (বিরাশি হাজার তিনশত চোয়াত্তর টাকা মাত্র)। মাঠে পাওনা= ৯৩১৭১০/-(নয় লক্ষ একত্রিশ হাজার সাতশত দশ টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ৬৪৬৩/- (ছয় হাজার চারশত তেষট্টি টাকা প্রেরণ করা হয়েছে। রোস্তম আলী আশ্রয়ণ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ৪৯২০০০/-(চার লক্ষ বিরা নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ৭৪৩৯৯/-(চুয়াত্তর হাজার তিনশত নিরানব্বই টাকা মাত্র)। সারচার্জ= ৫৬০০/-( পাঁচ হাজার ছয়শত টাকা মাত্র)। মাঠে পাওনা= ৪১২০০১/- (চার লক্ষ বারো হাজার এক টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৮৮৪/- (এক হাজার আটশত চোরাশি টাকা প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে,<br>১.সমগ্র দেশে নরাপিদ পানি সরবরাহ প্রকল্পের অওতায় ২০২৩-২৪ অর্থ বছরের ৩৯০টি জলাধারসহ সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গিয়েছে। সাইট প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু করা হবে। ২.৩৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মান কার্যক্রম চলমান। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৩ খ্রিঃ মাসে ঋণ বিতরণ করেন =২০০০০০/- টাকা খেলাপী ঋণ আদায় করেন =২,৫০,০০০/- । চলমান ঋণ আদায়ের হার ৯০%। বেকার যুব/যুব মহিলাদেরকে অপ্রাতিষ্ঠানিকা প্রশিক্ষণ প্রদান করেন ৩০ জন । আত্মকর্মীর সংখ্যা পুরুষ ১৫ ও মহিলা ১০জন মোট ২৫ জন। যুব সংগঠন নিবন্ধন দেয়া হয় ০১টি সংগঠনকে। আমার অফিসে জনবল কর্মরত ০৬ জন ( ক্যাশির পদ শূন্য)। পরবর্তী মাসে (অক্টোবর/২৩) যুব ঋণ বিতরণ করা হবে ৮,০০,০০০/- টাকা এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে ৯০ জনকে। আত্মকর্মী করা হবে ১০ জনকে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২০ | উপজেলা পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিসংখ্যান অফিস গফরগাঁও, ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম চলমান আছে। মাসিক স্থায়ী অস্থায়ী ফসলের রিপোর্ট প্রেরন করা হয়েছে। দাগগুচ্ছ জরিপ জরিপ ৪র্থ পর্ব প্রেরণ করা হয়েছে। এছাড়া অফিসের সকল নিয়মিত কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন: উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র্য জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । অত্র কার্যালয়ে ৯৬টি সমিতিতে মোট ৪২০৫ জন সদস্য আছে। বিগত ২০২৩-২০২৩৪ অর্থ বছরে সেপ্টেম্বর/২৩ পর্যন্ত ৩০১ জন সদস্যের মাঝে সর্বমোট ১৭২.১০(এক কোটি বাহাত্তর লক্ষ দশ হাজার টাকা ঋণ বিতরন করা হয়েছে ।আদায়ের হার ৯৯%,বিভিন্ন সঞ্চয় স্থিতি ৩৮৪.৪৫ (লক্ষ)টাকা,সয়ম্ভরতার হার ১৬৬% । কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। লক্ষমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শত ভাগ অর্জিত হয়েছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা শান্তি, শৃংখলা উন্নয়ন ও নিবারপত্তায় কাজ করে যাচ্ছে। উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় ভিডিপি সদস্যদের বছর ব্যাপি বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। তার অংশ হিসেবে আগামী অর্থবছরে জেলা ভিত্তিক ২১ দিন ব্যপি অস্ত্র সহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী প্রেরণ করবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন গ্রহণ করা হচ্ছে। গফরগাঁও উপজেলার রেল লাইন সুরক্ষিত রাখার জন্য ১৪টি পয়েন্টে ৭০ জন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। বিভাগীয় অন্যান্ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগ: ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিকভাবে চেষ্টা চলছে। উপকেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রক্রিয়া চলমান। (প্রস্তাবিত পাগলা, চরমছলন্দ)। উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বিকল্প ৩৩ কেভি সোর্স লাইন চালুর কাজ চলমান। লো-ভোল্টেজ সমস্যা সমাধানের জন্য গ্রাউন্ডিং করণ, ওভার লোডের কন্ডাক্টর পরিবর্তন করা , ক্যাপাসিটর স্থাপনের কাজ চলমান আছে। বর্তমানে গফরগাঁও জোনাল অফিসের গ্রাহক অভিযোগ নিরসন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এর জন্য চারটি অভিযোগ কেন্দ্র রয়েছে। মশাখালী অভিযোগ কেন্দ্রটি চালুর প্রক্রিয়াধীন আছে। উক্ত অভিযোগ কেন্দ্রটি চালু হলে সহজেই অভিযোগ নিরসনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যাবে। সরসরি হুকিং, মিটার টেম্পারিং, সার্ভিস ড্রপ বাইপাস ইত্যাদি অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহারকারীদের সংযোগ বিচ্ছিন্ন করণসহ জরিমানা আদায় করা হচ্ছে। বিলিং অভিযোগ হ্রাস কল্পে যথাসময়ে সঠিকভাবে রিডিং আদায় এবং গ্রাহক প্রান্তে বিদ্যুৎ বিল পৌছানোসহ মিটার রিপোর্ট সঠিকভাবে প্রস্তুত ও বাস্তবায়ন করা হচ্ছে। | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |

<table>
<tr><td></td><td>৭। গ্রাহক সংযোগ সম্ভাব্য লোড ও ভৌগলিক অবস্থা বিবেচনা করে স্বল্প মেয়াদী , মধ্য মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণ করা হয়।<br>৮। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/উকিল নোটিশ প্রদান করা হচ্ছে।<br>৯। ৯০ দিনে উর্দ্ধে বকেয়া বিদ্যুৎ বিল হ্রাস করার লক্ষে বিল আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়াও বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডালপালা কর্তনের কাজ চলছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>২৪</td><td><u>উপসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ),</u> সভায় জানান যে, উপজেলা সেচ কমিটি গফরগাঁও এর সেচ কার্যক্রম পরিচালনার স্বার্থে গফরগাঁও উপজেলার সকল ইউনিয়নে সেচ লাইসেন্স প্রদানের জন্য আবেদন গ্রহণ করা হচ্ছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপসহকারী প্রকৌশলী (বিএডিসি-সেচ)</td></tr>
<tr><td>২৫</td><td><u>ইসলামিক ফাউন্ডেশন:</u> ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষাকার্যক্রম,ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ২০২৩ শিক্ষা বর্ষে ২১৭টি কেন্দ্রের মধ্যে ০৮টি কেন্দ্র সঠিকভাবে পরিচালিত না করার কারণেকমিটির মাধ্যমে বাতিল করা হয়েছে। দূর্বল কেন্দ্র চিহ্নিত করার কাজ চলমান রয়েছে। সন্ত্রাস,জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও</td></tr>
<tr><td>২৬</td><td><u>উপজেলা তথ্য কেন্দ্রঃ</u> তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান। ভর্তি পরীক্ষার ফলাফল। ভর্তি পরীক্ষার ফরম পূরণ। চাকরির আবেদন পত্র পূরণ। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান। আইনি সহায়তা পরামর্শ প্রদান। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য <u>www.laalsobuj.com</u> মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও</td></tr>
<tr><td>২৭</td><td>চেয়ারম্যান (সকল) সভায় জানান যে, ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশের শুন্য পদ গুলি জরুরী ভিত্তিতে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।</td><td>বিধি মোতাবেক গ্রাম পুলিশ নিয়োগের সিদ্ধান্ত গ্রহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>২৮</td><td>জনাব মো: হারুনূর রশীদ, অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও সভায় জানান যে, , বাংলা ১৪৩০ সনের গফরগাঁও উপজেলার অর্ন্তগত হাট-বাজারসমূহের রক্ষণাবেক্ষণ/উন্নয়নের জন্য জমাকৃত ১০% অর্থ দ্বারা অনুন্নত হাট-বাজারসমূহের উন্নয়ন প্রকল্পসমূহ অনুমোদনের জন্য অনুরোধ জানান।
<table>
<tr><th>ক্র. নং</th><th>ইউনিয়নের নাম</th><th>হাট-বাজারের নাম</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দকৃত অর্থের পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>বসুলপুর ইউপি</td><td>চারআনী বাজার</td><td>ড্রেইন সংস্কার</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০২</td><td>বারবাড়ীয়া ইউপি</td><td>পাকাটি বাজার</td><td>ড্রেইন সংস্কার</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৩</td><td>চরআলগী ইউপি</td><td>চরমছলন্দ উত্তর নয়াপাড়া বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৪</td><td>সালটিয়া ইউপি</td><td>রৌহা কালির হাট</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৫</td><td>যশরা ইউপি</td><td>আঠারদানা শেখ বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৬</td><td>রাওনা ইউপি</td><td>দীঘা স্কুলের বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৭</td><td>মশাখালী ইউপি</td><td>মশাখালী শিলা কাচারী বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৮</td><td>গফরগাঁও ইউপি</td><td>শিববাড়ি বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>০৯</td><td>পাঁচবাগ ইউপি</td><td>গাভীশিমূল বাজার</td><td>ড্রেইন সংস্কার</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>১০</td><td>উস্থি ইউপি</td><td>ধাইরগাঁও বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>১১</td><td>লংগাইর ইউপি</td><td>চাইরবাড়িয়া বাজার</td><td>মাটি ভরাট</td><td>২৯,১০৩.০০</td></tr>
<tr><td>১২</td><td>পাইথল ইউপি</td><td>গয়েশপুর</td><td>ড্রেইন সংস্কার</td><td>২৯,১০৩.০০</td></tr>
</table></td><td>বাংলা ১৪৩০ সনের গফরগাঁও উপজেলার অর্ন্তগত হাট-বাজারসমূহের রক্ষণাবেক্ষণ/ উন্নয়নের জন্য জমাকৃত ১০% অর্থ দ্বারা অনুন্নত হাট-বাজারসমূহের উন্নয়ন প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাজার | | | |
| | ১৩ | নিগুয়ারী ইউপি | কুরচাই বকুলতলা বাজার | ড্রেইন সংস্কার | ২৯,১০৩.০০ | |
| | ১৪ | টাঙ্গাব ইউপি | বাঁশিয়া বাজার | মাটি ভরাট | ২৯,১০৩.০০ | |

<u>বিবিধ আলোচনা:</u>

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের সেপ্টেম্বর/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও সেপ্টেম্বর/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের সেপ্টেম্বর/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সেপ্টেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্ত্বরের পিছনের পানি নিষ্কাশনের ড্রেণ, পূর্ব পাশের ড্রেণ, উত্তর পাশের ড্রেন, দক্ষিণ পাশের ড্রেণ মোট ০৪(চার) টি ড্রেণ জরুরী ভিত্তিতে পরিষ্কার করা প্রয়োজন। পরিষ্কার করতে আনুমানিক =২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০=১,০০,০০০/- টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় করা যেতে পারে। | উপজেলা পরিষদ চত্ত্বরের পিছনের পানি নিষ্কাশনের ড্রেণ, পূর্ব পাশের ড্রেণ, উত্তর পাশের ড্রেন, দক্ষিণ পাশের ড্রেণ মোট ০৪(চার) টি ড্রেণ পরিষ্কার করতে ২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০ =১,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদ সাবমার্সিবল পানির পাম্পটি বারবার নষ্ট হয়ে যাওয়ায় পানি সাপ্লাইয়ে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। নতুন একটি পাম্প ক্রয় করা প্রয়োজন। পানির পাম্প ক্রয় করতে আনুমানিক =২৫০০০/- টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় করা যেতে পারে। | উপজেলা পরিষদ সাবমার্সিবল নতুন একটি পানির পাম্প ক্রয় বাবদ =২৫০০০/- টাকা উপজেলা পরিষদ পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪ | উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সভায় জানান যে, দীর্ঘদিন যাবৎ ব্রহ্মপুত্র কোয়ার্টার, পলাশ কোয়ার্টার, শাপলা কোয়ার্টারের বিদ্যুৎ লাইন সংযোগ ও ব্রহ্মপুত্র কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসের পিছনে, সমাজসেবা অফিস, তথ্য অফিসে পানির লাইন সংস্কার/মেরামত এবং সমাজ সেবা ও তথ্য অফিস, মহিলা বিষয়ক অফিস, বিএডিসি সেচ অফিস, পলাশ কোয়ার্টার, শাপলা কোয়ার্টারে সেফটি ট্যাংক পরিষ্কার মেরামত এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের দরজা ও বাথরুম ক্রয়/মেরামত এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস কক্ষের দরজা ও বাথরুম ক্রয়/মেরামত এবং উপজেলা পরিষদ পানির পাম্পের সাবমার্সিবল রক্ষনাবেক্ষণ কাজের আনুমানিক বিল বাবদ(২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+ ২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০+ ২৫০০০=৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা প্রয়োজন এবং তিনি সভায় আরোও জানান যে, উপজেলা পরিষদ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য দুই সেট সোফা এবং ১২টি চেয়ার ক্রয় করা প্রয়োজন। ক্রয় করতে আনুমানিক =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা প্রয়োজন। তিনি আরোও বলেন, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ মহোদয়ে এবং জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের পরিদর্শন ও মতবিনিময় সভার খরচ বাবদ=(২৫০০০+২৫০০০)=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার প্রয়োজন। তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের জন্য ০২টি টিভি ও ০২টি স্ক্যানার ক্রয় করা প্রয়োজন। ০২টি টিভি ও ০২টি স্ক্যানার ক্রয় করতে আনুমানিক=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা প্রয়োজন। উপরিল্লিখিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলন করা যেতে পারে। | ব্রহ্মপুত্র কোয়ার্টার, পলাশ কোয়ার্টার, শাপলা কোয়ার্টারের বিদ্যুৎ লাইন সংযোগ ও ব্রহ্মপুত্র কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসের পিছনে, সমাজসেবা অফিস, তথ্য অফিসে পানির লাইন সংস্কার/মেরামত এবং সমাজ সেবা ও তথ্য অফিস, মহিলা বিষয়ক অফিস, বিএডিসি সেচ অফিস, পলাশ কোয়ার্টার, শাপলা কোয়ার্টারে সেফটি ট্যাংক পরিষ্কার মেরামত এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের দরজা ও বাথরুম ক্রয়/মেরামত এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস কক্ষের দরজা ও বাথরুম ক্রয়/মেরামত এবং উপজেলা পরিষদ পানির পাম্পের সাবমার্সিবল রক্ষনাবেক্ষণ কাজের জন্য (২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০ +২৫০০০+২৫০০০+২৫০০০+ ২৫০০০+২৫০০০+২৫০০০+২৫০০০ +২৫০০০+২৫০০০+২৫০০০+ ২৫০০০+২৫০০০=৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা এবং উপজেলা পরিষদ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য ০২ সেট সোফা এবং ১২টি চেয়ার ক্রয় বাবদ =৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা এবং বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | | মহোদয়ে এবং জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের পরিদর্শন ও মতবিনিময় সভার খরচ বাবদ=(২৫০০০+২৫০০০)=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের জন্য ০২টি টিভি ও ০২টি স্ক্যানার ক্রয় বাবদ=২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় জানান যে, টিসিবি মালামাল সঠিকভাবে হতদরিদ্রদের মাঝে দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণ বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। প্রতি মাসে ইউনিয়ন মাসিক সভা নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। দ্রুত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সমন্বয়ের মাধ্যমে সরকার নির্দেশিত সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, টিসিবি'র মালামাল যেন সঠিক সময়ে নির্ধারিত স্থানে দেয়া হয় সে ব্যবস্থা করতে হবে। বিতরণের আগের দিন ইউপি চেয়ারম্যানগণকে জানানোর জন্য অনুরোধ করেন। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৩-১২১৭/১(৬০) তারিখ: ৩০.১০.২০২৩ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................. অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ......................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ..................................................................গফরগাঁও,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(মো: আবিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।